



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৮৫৮(৪)

তারিখ: ১১/০২/২০২১

বিষয় : ট্রেজারি/থানায়/কেন্দ্রে সংরক্ষিত এইচএসসি পরীক্ষা-২০২০ এর উত্তরপত্র, প্রশ্নপত্র ও গোপনীয় অন্যান্য কাগজপত্র বোর্ডে জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর কারণে ২০২০ সালের এইচএসসি পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। গত ৭ অক্টোবর-২০২০ মাননীয় শিক্ষামন্ত্রী পরীক্ষার্থীদের জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এইচএসসি পরীক্ষা ২০২০ এর ফলাফল প্রদানের ঘোষণা করেন। মাননীয় প্রধানমন্ত্রী গণভবন হতে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে গত ৩০ জানুয়ারি ২০২১ এইচএসসি পরীক্ষা ২০২০ এর ফলাফল প্রকাশ করেন। এমতাবস্থায় এইচএসসি পরীক্ষা ২০২০ এর কেন্দ্রওয়ারী বরাদ্দকৃত প্রশ্নপত্রের ট্রাংক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ট্রেজারি/থানা থেকে গ্রহণ করবেন। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে প্রশ্নপত্র ভর্তি ট্রাংক ও এইচএসসি পরীক্ষা ২০২০ এর জন্য অত্র বোর্ড থেকে প্রদত্ত কেন্দ্রে রক্ষিত মালামাল নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বোর্ডে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	জেলার নাম	জমাদানের তারিখ
১	ঢাকা	২২/০২/২০২১
২	গাজীপুর	২৩/০২/২০২১
৩	নারায়ণগঞ্জ	২৪/০২/২০২১
৪	নরসিংদী	২৫/০২/২০২১
৫	মুন্সীগঞ্জ	২৮/০২/২০২১
৬	মানিকগঞ্জ	০১/০৩/২০২১
৭	টাংগাইল	০২/০৩/২০২১
৮	ফরিদপুর	০৩/০৩/২০২১
৯	মাদারীপুর	০৪/০৩/২০২১
১০	শরীয়তপুর	০৭/০৩/২০২১
১১	গোপালগঞ্জ	০৮/০৩/২০২১
১২	রাজবাড়ী	০৯/০৩/২০২১
১৩	কিশোরগঞ্জ	১০/০৩/২০২১

প্রফেসর এস.এম. আমিরুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ০২-৯৬৬৯৮১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা- ২০২০ এর কেন্দ্রসমূহ

সদয় অবগতি ও কার্যার্থে:

- (১) জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।  
(কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে প্রশ্নপত্র ভর্তি ট্রাংক হস্তান্তরের অনুমতির অনুরোধসহ)
- (২) উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- (৩) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৪) অফিস কপি।